

🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৪৪

১/ বিবিধ

আরবী

ما من عبد يحب أن يرتفع في الدنيا درجة فارتفع إلا وضعه الله في الآخرة درجة أكبر منها وأطول، ثم قال: (وللآخرة أكبر درجات وأكبر تفضيلا) موضوع

أخرجه الطبراني (6 / 234) وأبو نعيم (4 / 203 _ 204) من طريق عبد الغفور ابن سعد الأنصاري عن أبي هاشم الرماني عن زاذان عن سلمان الفارسي مرفوعا وهذا سند موضوع، قال ابن حبان في " الضعفاء (2 / 148): عبد الغفور كان ممن يضع الحديث، وقال ابن معين: ليس حديثه بشيء، وقال البخاري: تركوه، وبه أعله في " المجمع " (7 / 49)، ومع ذلك ذكره في الجامع

বাংলা

৩৪৪। কোন বান্দা দুনিয়াতে তার মর্যাদা উচ্চ হওয়াকে ভালবাসলে, সে মর্যাদাবান হয় এবং আল্লাহ আখেরাতে তার জন্য আরও বৃহৎ ও দীর্ঘ মর্যাদা তৈরি করে দেন। অতঃপর পড়লেনঃ (আখেরাত বড় বড় মর্যাদা আর বড় বড় সম্মান রয়েছে) [সূরা ইসরাঃ ২১]

হাদীসটি জাল।

এটি তাবারানী (৬/২৩৪) এবং আবু নু'য়াইম (৪/২০৩-২০৪) আব্দুল গফুর ইবনু সা'দ আনসারী সূত্রে আবু হাশেম আর-রুম্মানী হতে ... বর্ণনা করেছেন। এটির সনদ জাল (বানোয়াট), ইবনু হিব্বান "আয-যুয়াফা" গ্রন্থে (২/১৪৮) বলেনঃ আব্দুল গফুর হাদীস জাল করতেন। ইবনু মাঈন বলেনঃ তার হাদীস কিছুই না।

ইমাম বুখারী বলেনঃ তাকে মুহাদ্দিসগণ মাতরূক হিসাবে চিহ্নিত করেছেন। (মিথ্যার দোষে দোষী হওয়ার কারণে



পরিত্যাগ করেছেন)।

হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৭/৪৯) এ একই সমস্যা উল্লেখ করে কারণ দশিয়েছেন। তথাপিও হাদীসটি "জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করা হয়েছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন